গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০২০.১০.১৯.০১৯.২০১৪-৬৬৬ তারিখঃ ২২/০৫/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ সমঝোতা স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের আওতায় সকল উপজেলায় পল্লী ব্যাংকের শাখা কার্যালয় নির্মাণের জন্য উপজেলা পরিষদের জমি ব্যবহারের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর মধ্যে ২২ মে, ২০১৭ তারিখে সম্পাদিত/স্বাক্ষরিত সমঝোতা স্মারকের ছায়ালিপি এসাথে প্রেরণ করা হলো। সমঝোতা স্মারকে বর্ণিত নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে- (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়)ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. সিনিয়র সচিব...মন্ত্রণালয়/বিভাগ,ঢাকা।
৩. সচিব,..মন্ত্রণালয়/বিভাগ,ঢাকা।
৪. প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
৫. কমিশনার,........... বিভাগ (সকল)।
৬. জেলা প্রশাসক (সকল)
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা) সকল উপজেলা পরিষদ।
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।

F:\OfficeWork1\Miclince\mic letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

১৬০৯৫৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের
স্থানীয় সরকার বিভাগ
ও
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মধ্যে সম্পাদিত

সমঝোতা স্মারক

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় সকল উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা কার্যালয় নির্মাণের জন্য উপজেলা পরিষদের জমি ব্যবহার প্রসঙ্গে।

যেহেতু, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন একটি বাড়ি একটি খামার প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রীর নিজস্ব চিন্তাপ্রসূত ও সরকারের একটি অগ্রাধিকার প্রকল্প এবং সারা দেশে এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে প্রতিটি দরিদ্র পরিবারের প্রাকৃতিক ও মানব সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে স্থায়ী পুঁজি গঠনে সহায়তা প্রদান করা হচ্ছে। এছাড়া লাগসই প্রশিক্ষণের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের উদ্দেশ্যও বাস্তবায়িত হচ্ছে;

এবং

যেহেতু, প্রকল্পটি দেশের ৬৪টি জেলার ৪৯০টি উপজেলার ৪৫৫০টি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের গ্রাম পর্যায়ে ১০১০৪২টি গ্রাম উন্নয়ন সমিতি গঠনের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে এবং পর্যায়ক্রমে আরো সম্প্রসারিত হবে;

এবং

যেহেতু, প্রকল্পের মাধ্যমে ক্ষুদ্র ঋণের পরিবর্তে ক্ষুদ্র সঞ্চয়কে উৎসাহিত করা হচ্ছে এবং প্রতিটি গ্রামে লাগসই প্রশিক্ষণের মাধ্যমে মৎস্য উন্নয়ন কর্মী, পোল্ট্রি কর্মী, নার্সারি ও হর্টিকালচার কর্মী, স্বাস্থ্য ও পুষ্টি কর্মী, পরিবার কল্যান কর্মী, কুটির শিল্প কর্মী ও অন্যান্য বিষয়ে কর্মী সৃজনে নিয়মিত দরিদ্র মানুষদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে;

এবং

যেহেতু, উপজেলা সদরে কর্মরত জাতিগঠনমূলক বিভাগগুলো (NBD) এ প্রশিক্ষণ প্রদান করছে ও উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা বাস্তবায়ন ও তদারকি কমিটির সভাপতি এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা এ প্রশিক্ষণ প্রদান সম্পর্কিত রিসোর্স টিমের সভাপতির দায়িত্ব পালনসহ উপজেলা পর্যায়ে প্রকল্পের নিয়ন্ত্রক এবং সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করছেন;

এবং

যেহেতু, প্রকল্পের আওতায় পরিচালিত আর্থিক কর্মকান্ডকে স্থায়ী রূপদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় পল্লী সঞ্চয় ব্যাংক নামক বিশেষায়িত ব্যাংক প্রতিষ্ঠা করা হয়েছে এবং একটি বাড়ি একটি খামার প্রকল্পের কার্যক্রম ভবিষ্যতে একই রূপে পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মসূচি হিসেবে চালু থাকবে;

এবং

চলমান পাতা-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৬০৯৫৮৩

যেহেতু, এ সকল কার্যক্রমকে স্থায়ীরূপ দিতে দেশের প্রতি উপজেলায় ১টি করে মোট ৪৯০টি উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা স্থাপন করা হবে এবং যেহেতু প্রতিটি ব্যাংকের শাখা খোলার জন্য নিরাপত্তা নিশ্চিত করতে পাকা ভবন নির্মাণের শর্ত রয়েছে;

এবং

যেহেতু, প্রকল্প তথা এর কর্মকান্ডের সাথে উপজেলা পর্যায়ের জনপ্রতিনিধি এবং সরকারি কর্মকর্তাবৃন্দ ওতপ্রোতভাবে জড়িত এবং কার্যালয়টি উপজেলা পরিষদ কমপ্লেক্স এলাকায় হলে এর কর্মকান্ড পরিচালনায় সুবিধা হবে;

এবং

যেহেতু, উপজেলা পরিষদসমূহ স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন এবং উপজেলা পরিষদের জমি ব্যবহার বা হস্তান্তরে স্থানীয় সরকার বিভাগের অনুমতি প্রয়োজন;

সেহেতু, এক্ষণে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অন্তর্গত দুটি বিভাগ- যথা : স্থানীয় সরকার বিভাগ এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ নিম্নোক্ত বিধানাবলী প্রতিপালনে একমত হয়েছে :

১. দেশের ৬৪ জেলার প্রতিটি উপজেলায় উপজেলা পরিষদের জায়গায় (যদি থাকে) একটি বাড়ি একটি খামার প্রকল্প তথা পল্লী সঞ্চয় ব্যাংকের উপজেলা কার্যালয় স্থাপনে স্থানীয় সরকার বিভাগ অনুমতি প্রদান করবে। তবে শর্ত থাকে যে, জমি ও ভবনের মালিকানা উপজেলা পরিষদের থাকবে। একটি বাড়ি একটি খামার প্রকল্প তথা পল্লী সঞ্চয় ব্যাংক শুধু তা ব্যবহার করবে;

২. একটি বাড়ি একটি খামার প্রকল্পের উপজেলা কার্যালয় নির্মাণে উপজেলা পরিষদের কমবেশী ১০০০ (এক হাজার) বর্গফুট জায়গা উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্ধারণ ও চিহ্নিত করার মাধ্যমে ব্যবহার করা হবে এবং সেখানে একতলাবিশিষ্ট পাকা ভবন নির্মাণ করা হবে। তবে শর্ত থাকে যে, উপজেলা পরিষদ তার নিজস্ব প্রয়োজনে (মাস্টার প্ল্যান বাস্তবায়নসহ অন্যান্য) যে কোন সময় উক্ত ভবন অপসারণের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করবে;

৩. উক্ত ভবন নির্মানের যাবতীয় ব্যয় পল্লী সঞ্চয় ব্যাংক নির্বাহ করবে;

৪. উক্ত ভবন রক্ষণাবেক্ষণ ব্যয় একটি বাড়ি একটি খামার প্রকল্প তথা পল্লী সঞ্চয় ব্যাংকের অর্থায়নে হবে;

৫. ভবনটি একটি বাড়ি একটি খামার প্রকল্প তথা পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যালয় এবং একইসংগে উপকারভোগী সদস্যদের লাগসই প্রশিক্ষণের জন্য ব্যবহৃত হবে;

৬. উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এবং উপজেলা পরিষদ (সম্পত্তি হস্তান্তর, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০১০ অনুযায়ী উপজেলা পরিষদের জমিতে পল্লী সঞ্চয় ব্যাংক স্থাপনের বিষয়ে সমঝোতা স্মারকের (Memorandum of Understanding) ব্যাখ্যা বা অন্যবিধ কোন বিষয়ে কোন বিরোধ, আপত্তি, কিংবা সংশয় দেখা দিলে স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

চলমান পাতা-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

১৬২৬৩৭৫

৭. উল্লিখিত ৪৯০ টি উপজেলা ব্যতীত নবসৃষ্ট কোন উপজেলায় প্রকল্প কার্যক্রম সম্প্রসারিত হলে সে সকল উপজেলায় একই প্রক্রিয়া অনুসরণে ভবন নির্মাণে উপজেলা পরিষদের জমি ব্যবহারের অনুমতি প্রদান করা হবে;

৮. দুই পক্ষ স্বাক্ষর করার পর এ সমঝোতা স্মারক অবিলম্বে কার্যকর হবে এবং অবগতি ও বাস্তবায়নের জন্য এর অনুলিপি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল) এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) বরাবর প্রেরণ করা হবে।

এই সমঝোতা স্মারকের বিধানসমূহ কার্যকর করার লক্ষ্যে উভয় পক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ অদ্য ২২.০৫.২০১৭ খ্রি. তারিখ এই স্মারকে স্বাক্ষর করলেন।

স্থানীয় সরকার বিভাগের পক্ষে	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পক্ষে
(আবদুল মালেক) সচিব স্থানীয় সরকার বিভাগ	(মাফরূহা সুলতানা) ভারপ্রাপ্ত সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

সাক্ষীগণ	**সাক্ষীগণ**
১. সৌরেন্দ্র নাথ চক্রবর্তী অতিরিক্ত সচিব স্থানীয় সরকার বিভাগ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	১. আনন্দ চন্দ্র বিশ্বাস অতিরিক্ত সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২. অমিতাভ সরকার যুগ্ম-সচিব স্থানীয় সরকার বিভাগ	২. প্রণব কুমার ঘোষ যুগ্মসচিব উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন ও সমন্বয়) একটি বাড়ি একটি খামার প্রকল্প পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ